অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো LGBTQ অধিকার রক্ষাকারী ল্যান্ডমার্ক বিধান স্বাক্ষর করলেন

বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে GENDA এবং রূপান্তর থেরাপি নিষেধাজ্ঞা পাশ করানোর প্রতিশ্রুতি পূরণ করলেন

LGBTQ অধিকার রক্ষায় গভর্নরের ঢালাওভাবে সংশোধন প্যাকেজের অংশ অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে বৈষম্যহীন লিঙ্গ বহিঃপ্রকাশ আইন (Gender Expression Non-Discrimination Act, GENDA) এবং রূপান্তর থেরাপির (conversion therapy) অনুশীলনের উপর নিষেধাজ্ঞাকে আইন হিসেবে স্বাক্ষর করলেন, যা লেসবিয়ান, গে, বাই, ট্রান্সজেন্ডার, কোয়েশ্চেনিং/কুইয়ার (Lesbian, gay, bisexual, transgender, questioning, LGBTQ) কমিউনিটির জন্য একটি উল্লেখযোগ্য ল্যান্ডমার্ক বিজয় এবং তিনি বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে এই বিধানটি স্বাক্ষর করার নিজের প্রতিশ্রুতি পূরণ করলেন।

"দেশের সর্বাধিক প্রগতিশীল স্টেট এবং আধুনিক LGBTQ আন্দোলনের বাড়ি হিসেবে, প্রত্যেক ব্যক্তির জন্য পূর্ণ সুরক্ষার লড়াইয়ে নিউ ইয়র্ক সবসময় সবার সামনে ছিল", **গভর্নর কুওমো বলেন।** "GENDA কে আইন হিসেবে স্বাক্ষর করে এবং রূপান্তর থেরাপির ভণ্ড অনুশীলন নিষিদ্ধ করে, আমরা লিঙ্গ পরিচিতি ও সেক্সুয়াল ওরিয়েন্টেশনের পরোয়া না করে সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমান ন্যায়বিচার নিশ্চিত করতে আরেকটি বিশাল ধাপ এগিয়ে গেলাম। আমরা আরো একবার স্পষ্ট এবং গর্বিত বার্তা পাঠাচ্ছি যে আমাদের স্টেটে ঘৃণার কোনো স্থান নেই, এবং গোঁড়ামি ও বৈষম্য যেই প্রদর্শন করবে তাকে তার জন্য জবাবদিহি করতে হবে।"

"নিজের লিঙ্গ পরিচিতির কারণে কোনো মানুষের বৈষম্য বা সহিংসতার শিকার হওয়া উচিত না, বিশেষ করে এমন একটি স্টেটে যেখানে LGBTQ অধিকার আন্দোলনের সূত্রপাত হয়েছিল", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "বৈষম্যহীন লিঙ্গ বহিঃপ্রকাশ আইনটি অবশেষে ট্রান্সজেন্ডার, ননকনফরমিং লিঙ্গ ও নন-বাইনারি নিউ ইয়র্কবাসীর জন্য সমঅধিকার সুরক্ষিত করবে আমাদের নিজেদের আইনের অধীনেই। আমরা আমাদের সেই বৈচিত্র্য গর্বের সাথে উদযাপন করি যা আমাদের এম্পায়ার স্টেট বানায়। যেহেতু GENDA এবং রূপান্তর থেরাপি নিষিদ্ধ করার বিধান এখন স্টেটের আইন, আমরা সবার জন্য ন্যায়বিচার ও সমতা নিশ্চিত করা নিশ্চিত করতে আরেক ধাপ এগিয়ে গেলাম।"

GENDA-এর মাধ্যমে সবার জন্য সমতা নিশ্চিত করা
নিউ ইয়র্কের LGBTQ কমিউনিটির জন্য সুরক্ষা ও সমতা আরো অগ্রসরকারী GENDA পাশের ফলে নিয়োগকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ির মালিক, ঋণদাতা এবং অন্যান্যদের লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের

ভিত্তিতে কোনো ব্যক্তির প্রতি বৈষম্য প্রদর্শন করতে নিষেধ করে, এবং লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে করা অপরাধ নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে ঘৃণা-অপরাধ হিসেবে স্বীকৃত হবে।

2015 সালে, গভর্নর নিয়ম প্রণয়ন করেন যা সকল ট্রান্সজেন্ডার ব্যক্তিকে স্টেটের মানবাধিকার আইনের (Human Rights Law) অধীনে সুরক্ষা প্রদান করে, সকল সরকারি-বেসরকারি নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী, ব্যবসা, ঋণদাতা ও অন্যান্যদের নিশ্চিত করে যে ট্রান্সজেন্ডার ব্যক্তির প্রতি বৈষম্য বেআইনি এবং যারা এই আইন মেনে চলবে না তাদের নিউ ইয়র্ক স্টেটের কাছে জবাবদিহি করতে হবে।

রূপান্তর থেরাপি নিষিদ্ধ করা

মানসিক স্বাস্থ্য পেশাদাররা অনেক আগেই চিহ্নিত করতে পেরেছেন যে কোনো মানুষের সেক্সুয়াল ওরিয়েন্টেশন বদলানোর চেষ্টা ওই ব্যক্তিকে স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন করে। আজকের স্বাক্ষর করা বিধান রূপান্তর থেরাপির অনুশীলন নিষিদ্ধ করে, শিক্ষা আইনের অধীনে পেশাদারি অসদাচরণের সংজ্ঞা সম্প্রসারিত করে তাতে আঠারো বছরের কম বয়সী রোগীকে রূপান্তর থেরাপি প্রদান যোগ করার মাধ্যমে।

2016 সালে, গভর্নর কুওমো ঘোষণা করেন যে অপ্রাপ্তবয়স্কদের উপর রূপান্তর থেরাপি নিষিদ্ধ করে বহু-এজেন্সি নিয়ম করা হবে। গভর্নরের নির্দেশে, আর্থিক সেবা অধিদপ্তর (Department of Financial Services) নিয়ম জারি করে যে বীমা প্রদানকারীরা আঠারো বছরের কম বয়সীদের রূপান্তর থেরাপি কভার করবে না, স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health) নিউ ইয়র্কের মেডিকেইড প্রোগ্রামের অধীনে এই অনুশীলনের জন্য কভারেজ নিষিদ্ধ করে, এবং মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health) তাদের আওতাধীন ফ্যাসিলিটিগুলির জন্য অপ্রাপ্ত বয়স্কদের উপর এই চিকিৎসা প্রয়োগ নিষিদ্ধ করে।

"GENDA পাশ ও রূপান্তর থেরাপি অনুশীলন নিষেধাজ্ঞা LGBTQ কমিউনিটির জন্য বিশাল অগ্রগতি, এবং একটি সঙ্কেত যে নিউ ইয়র্ক স্টেট সত্যিকারের প্রগতিশীল নেতা হওয়ার জন্য প্রস্তুত যে ট্রান্সজেন্ডার, ননকনফরমিং লিঙ্গ এবং ননবাইনারি নিউ ইয়র্কবাসীকে এবং যুবসমাজকে সমর্থন করে এবং স্বীকৃতি দেয়", **নিউ ইয়র্ক শহরের LGBT কমিউনিটি সেন্টারের (LGBT Community Center) নির্বাহী পরিচালক গ্লেন্ডা টেস্টোন বলেন,** "আমরা বহু প্রতীক্ষিত এইসব বিজয়, এগুলিকে বাস্তবতায় পরিণত করতে গভর্নর কুওমোর অঙ্গীকার এবং নিউ ইয়র্ককে অনতিক্রম্য বাধা থাকার পরেও নিউ ইয়র্ককে আরো সর্বব্যাপী স্টেট বানাতে হার মানতে অস্বীকার করা মানুষের অক্লান্ত সক্রিয়তা উদযাপন করছি। এই বিজয়গুলি দেখায় যে একত্র হলে একে অন্যের সমর্থনে আমরা কী করতে পারি, এবং সম্মুখের পথে আরো কী কি সম্ভব।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেছেন, "যখন আমরা বিবাহের সমতা আইনটি (Marriage Equality Act) পাশ করলাম সেটি ছিল সিনেটর হিসেবে সবথেকে গর্বের মুহূর্ত। কিন্তু সেটি ছিল আট বছর আগের কথা, এবং এর পর থেকে সিনেটের রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠরা LGBTQ কমিউনিটির কোনো সুরক্ষা পাশ করতে অস্বীকার করেছে। এখন, ডেমোক্র্যাটিক সংখ্যাগরিষ্ঠতার অধীনে সিনেট চেম্বার নিশ্চিত করছে যে আমরা আমাদের LGBTQ কমিউনিটির সাথেই আছি। আমি এইসব বিলের ব্যাপারে সিনেটর হলিম্যানের নেতৃত্বকে সাধুবাদ জানাই এবং সরকারে আমার অংশীদারদের, স্পিকার হিস্টি ও গভর্নর কুওমোকে দ্রুত এই বিলগুলিকে আইনে পরিণত করার জন্য ধন্যবাদ জানাই। আমি গর্বিত যে সিনেটের সংখ্যাগরিষ্ঠরা ঐতিহাসিক এই বিলগুলি পাশ করেছে এবং আমরা আমাদের উচ্চাকাঙ্ক্ষী, প্রগতিশীল এজেন্ডার সাথে সামনে অগ্রসর হতে থাকবো।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "বহু বছর ধরে, অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠরা GENDA ও রূপান্তর থেরাপি নিষেধাজ্ঞার বিধান পাশ করে গেছে কারণ আমরা জানি প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মর্যাদা ও সম্মান নিয়ে বাঁচার অধিকার রয়েছে। স্টেট সিনেটে আমাদের নতুন ডেমোক্র্যাটিক অংশীদারদের কারণে, আমরা অত্যন্ত কৃতজ্ঞ যে, এই গুরুত্বপূর্ণ ব্যবস্থাগুলি এখন আইনে পরিণত হয়েছে। এছাড়াও আমি অ্যাসেম্বলি সদস্য ডিক গটফ্রাইড এবং ডেবোরাহ গ্লিককে এবং একইসাথে অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠদের অনেক সদস্যকেও ধন্যবাদ জানাতে চাই এইসব জরুরি ব্যাপারে তাদের অক্লান্ত নিবেদনের জন্য।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ জে. গ্লিক বলেন, "আজকে দুইটি অতি গুরুত্বপূর্ণ বিল পাশ হতে দেখতে পারাটা একটি বড় বিজয়। GENDA নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেটের নাগরিক অধিকার ও ঘৃণা-অপরাধ আইনে ট্রান্সজেন্ডার ও নন-কনফরমিং লিঙ্গের কমিউনিটিসমূহের জন্য, যারা অনেক বছর ধরে আমেরিকাতে অনেক বৈষম্যের শিকার হয়েছে, সুরক্ষা অন্তর্ভুক্ত থাকবে। পাশাপাশি, তথাকথিত রূপান্তর থেরাপি নিষিদ্ধ করার ফলে এই স্টেটে অপ্রাপ্তবয়স্কদের অপরিবর্তনীয় সেক্সুয়ালিটি বা লিঙ্গের বহিঃপ্রকাশ পরিবর্তন করার চেষ্টায় তাদের ধ্বংসাত্মক প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে বাধ্য করার যে অতি নিন্দিত একটি অনুশীলন রয়েছে তা বেআইনি হয়ে গেলো। নিউ ইয়র্ক স্টেটের বিধানসভা (New York State Legislature) এবং গভর্নর এরকম অনেক নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার আনার একটি স্পষ্ট লক্ষ্যপূরণ করেছেন যারা এই সুরক্ষাগুলির অভাবে অনেক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এটি নিশ্চিত করেছেন যে আগামী প্রজন্মগুলি সুরক্ষিত থাকবে। আমি এই বিলগুলি দেখে অত্যন্ত আনন্দিত, যেগুলি পাশ করার জন্য অনেক অ্যাডভোকেট ও আমার অনেক সহকর্মী ও আমি বহু বছর ধরে কাজ করেছি, অবশেষে একগুলি আইন হিসেবে স্বাক্ষরিত হয়েছে।"

সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন, "অ্যালবেনির জন্য আজ একটি নতুন দিন। আট বছর ধরে সিনেট কর্তৃক সকল LGBTQ-সংক্রান্ত বিধান বাধাগ্রস্ত হওয়ার পর, আজকে গভর্নর কুওমো ট্রান্সজেন্ডার ও নন-কনফরমিং লিঙ্গের নিউ ইয়র্কবাসীর অধিকার রক্ষা করে এবং তথাকথিত 'রূপান্তর থেরাপির' নাম আমাদের শিশুদের বর্বরোচিত অনুশীলনের শিকার হওয়া প্রতিরোধ করতে দুইটি ল্যান্ডমার্ক বিলকে আইন হিসেবে স্বাক্ষর করলেন। যখন ট্রাম্প প্রশাসন LGBTQ আমেরিকানদের সুরক্ষা পশ্চাদমুখী করে যাচ্ছে, আজকের বিজয় নিউ ইয়র্ক স্টেটের LGBTQ মানুষদের একটি স্পষ্ট বার্তা পাঠাচ্ছে যে: তোমাদের নাগরিক অধিকারের সুরক্ষা আইন দ্বারা প্রতিষ্ঠিত। LGBTQ নিউ ইয়র্কবাসীর জন্য তার ঐতিহাসিক ও অটল সমর্থনের জন্য আমি গভর্নর অ্যান্ড্রু কুওমোর প্রতি গভীরভাবে কৃতজ্ঞ এবং আন্দ্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এর নেতৃত্বে সেই ডেমোক্র্যাটিক সংখ্যাগরিষ্ঠদের একটি অংশ হতে পেরে গর্বিত যারা সকল নিউ ইয়র্কবাসীর অধিকার রক্ষা করতে গভর্নরের সাথে কাজ করছে। এছাড়াও আমি অ্যাসেম্বলিতে আমার সহকর্মী ডেবোরাহ গ্লিক ও রিচার্ড গটফ্রাইডকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, বছরের পর বছর ধরে তাদের অধ্যবসায় ও স্থির সঙ্কল্পের জন্য, একইসাথে ধন্যবাদ জানাচ্ছি সিনেটর মাইকেল গিয়ানারিস এবং সাবেক সিনেটর টম ডুয়ান ও ড্যানিয়েল স্কোয়াড্রনকে।"

অ্যাসেম্বলিতে GENDA-এর মূল উপস্থাপক ও স্পনসর, অ্যাসেম্বলি সদস্য রিচার্ড এন. গটফ্রাইড বলেন, "আজ একটি ঐতিহাসিক দিন। 2015 সালে গভর্নর কুওমো একটি শক্ত পদক্ষেপ নেন যখন তিনি পুরো স্টেটে স্টেটের মানবাধিকার আইনের আওতায় নিয়ম জারি করেন যা লিঙ্গ পরিচিত ও ট্রান্সজেন্ডার অবস্থার উপর ভিত্তি করে বৈষম্য নিষিদ্ধ করে। কিন্তু মানবাধিকার আইন এবং পেনাল আইনে (Penal Law) লিঙ্গ বহিঃপ্রকাশ ও পরিচিতি যোগ করার ফলে এটি এই নিয়ম রদের বিপক্ষে যথার্থ স্বীকৃতি, সুরক্ষা পাবে এবং স্টেটের ঘৃণা-অপরাধ আইনের (Hate Crimes Law) আওতায় সুরক্ষা পাবে। ওয়াশিংটনে উৎপীড়কদের প্রশাসন রয়েছে, তবে নিউ ইয়র্ক বোধশক্তি, ন্যায্যতা এবং ন্যায়বিচারের সমর্থক।"

তার পুরো শাসনামলে, গভর্নর কুওমো LGBTQ অধিকারের পক্ষে কথা বলেছেন এবং LGBTQ কমিউনিটিকে সুরক্ষা করে নিউ ইয়র্কের পাশ করার ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছেন। 2011 সালে, গভর্নর ঐতিহাসিক বিবাহ সমতা আইন পাশ করেন, যার ফলে একটি নতুন জাতীয় মানদণ্ডের সৃষ্টি হয় এবং এই বার্তা পাঠানো হয় যে মৌলিক অসমতা শেষ করতেই হবে।

অতি সম্প্রতি, অতি গুরুত্বপূর্ণ সাশ্রয়ী যত্নের আইনের (Affordable Care Act) সংস্থানের সম্ভাব্য রদের আশঙ্কায়, গভর্নর স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশ দেন এই নিয়ম করতে যেন স্বাস্থ্য যত্ন প্রদানকারীরা ট্রান্সজেন্ডার রোগীর প্রতি বৈষম্য প্রদর্শন না করতে পারে এবং আর্থিক সেবা অধিদপ্তরকে নির্দেশ দেন এই নিয়ম করতে যেন স্বাস্থ্যবীমা পাওয়ার ব্যাপারে ট্রান্সজেন্ডার ব্যক্তিদের প্রতি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বৃদ্ধি করা হয়। লিঙ্গ ভিত্তিক বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষায় লিঙ্গ পরিচিতিও অন্তর্ভুক্ত, সাশ্রয়ী যত্ন আইনে উল্লিখিত যে নিয়ম রয়েছে তা রদ করার জন্য ট্রাম্প প্রশাসনের প্রস্তাবনার প্রতি সরাসরি উত্তর হল এই নির্দেশগুলি। এই সুরক্ষা অপসারণ করা হলে, প্রায় 90,300 ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসী অন্যায্য, অমার্জিত এবং অবৈধ বৈষম্যের শিকার হতো।

2017 সালে ফেডারেল সরকার ট্রান্সজেন্ডার শিক্ষার্থীদের ফেডারেল সুরক্ষা প্রত্যাহার করে নিলে, তার উত্তরে গভর্নর স্টেটের শিক্ষা অধিদপ্তরকে (State Education Department) নির্দেশ দেন যে স্কুল জেলাগুলিতে এমন নিয়ম করে দিতে যেন নিউ ইয়র্ক স্টেট আইনের অধিক স্কুলগুলিতে ট্রান্সজেন্ডার শিক্ষার্থীরা বৈষম্য ও হয়রানির হাত থেকে সুরক্ষা পায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন